12

তারিখ ... 08 JUL 1996
পৃষ্ঠা 2 কলাম 6

দৈনিক ইত্তেফাক

# চট্টগ্রামে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের নকল সনদপত্র উদ্ধার

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (রবিবার) পুলিশ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাষ্টার্স, বি, এ, বি, কম, বি, এস-সি পরীক্ষার, জাল সনদপত্র

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## উদ্ধার

(১ম পৃঃ পর)

এবং কুমিল্লা বোর্ডের অধীনে বিভিন্ন স্কুল ও কলেজের প্রশংসাপত্রসহ জাল সীল উদ্ধার করিয়াছে। পুলিশ এই অপকর্মের হোতা দুলু সরকার ও অসীম চক্রবর্তীকে আটক করিয়াছে। এই ২ ব্যক্তি দীর্ঘদিন ধরিয়া কোতয়ালী থানাধীন দেওয়ান বাজার ছোবহান কলোনিস্থ ছোবহানের ভাড়া ঘরে অবস্থান করিয়া জাল সার্টিফিকেট ও প্রশংসাপত্র বিক্রি করিয়া আসিতেছে। তবে তাহাদের দুইজনের সহিত আরো কয়েকজন সংশ্লিষ্ট রহিয়াছে বলিয়া ধারণা করা হইতেছে। তাহাদের বাসা তল্লাশি চালাইয়া চট্টগ্রামের ১৭টি সরকারী ও বেসরকারী কলেজের এবং ১১টি স্কুলের জাল সার্টিফিকেট ও প্রশংসাপত্র উদ্ধার করা হয়।